



## সিটি ব্যাংকের শাখা ব্যবস্থাপক সম্মেলন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

‘হ্যাপি এমপ্লয়িজ, হ্যাপি কাস্টমারস, হ্যাপি শেয়ারহোল্ডারস’ প্রতিপাদ্যকে সামনে রেখে অনুষ্ঠিত হলো সিটি ব্যাংক পিএলসির শাখা ব্যবস্থাপক সম্মেলন। কক্সবাজারের একটি হোটেলে সম্মেলনের উদ্বোধন করেন ব্যাংকের চেয়ারম্যান আজিজ আল কায়সার। কৌশল নির্ধারণ, শাখার পারফরম্যান্স বিশ্লেষণ, প্রযুক্তিনির্ভর সেবা বিস্তার, গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধির কৌশল ও টেকসই প্রবৃদ্ধি অর্জনের রূপরেখা তৈরিই ছিল সম্মেলনের মূল লক্ষ্য। এ ছাড়া রিটেইল, এসএমই ডিপোজিট, লোন-কার্ড প্রোডাক্টগুলোর ব্যবসার পরিকল্পনা ও নতুন লক্ষ্য নির্ধারণ করা হয়। আজিজ আল কায়সার ২০২৪ সালে ২,৩৫১ কোটি টাকা পরিচালন মুনাফার জন্য পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, গ্রাহক, রেগুলেটর, কর্মীদের ধন্যবাদ ও অভিনন্দন জানান। বলেন, ‘আমরা এমন একসময়ের মধ্য দিয়ে যাচ্ছি যেখানে ডিজিটাল রূপান্তর এবং গ্রাহক সেবার উৎকর্ষতা অপরিহার্য। সবাইকে নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত থাকতে হবে। এমডি ও সিইও মাসরুর আরেফিন বলেন, সিটি ব্যাংকের মূল ফোকাস হবে ক্ষুদ্র ও অতি-ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়ানো।’ আরও বক্তব্য দেন ভাইস চেয়ারম্যান হোসেন খালেদ, পরিচালক রেবেকা ব্রোসন্যান ও স্বতন্ত্র পরিচালক মতিউল ইসলাম নওশাদ, এএমডি মো. মাহবুবুর রহমান ও মাহিয়া জুনেদ। উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালক রুবেল আজিজ ও হোসেন মেহমুদসহ উর্ধ্বতন নির্বাহীরা। অনুষ্ঠানে ২০২৪ সালের সেরা শাখা ও সেরা ব্যবস্থাপক পুরস্কার দেওয়া হয়।